

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।


স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২১) স্টোর পরিদর্শন প্রতিবেদন

৩০ সেপ্টেম্বর ২০২১, বৃহস্পতিবার জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর কার্যক্রম ৩.৩.মনিটরিং কমিটির মাধ্যমে স্টোরের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অধিদপ্তরের স্টোর পরিদর্শন করা হয়। পরিদর্শনান্তে দেখা যায় যে, স্টোরে মোট ০৩টি রেজিস্টার যেমন: (১) ক্রয়কৃত মালামাল এন্ট্রি ও বিতরণের জন্য স্থায়ী রেজিস্টার, (২) ক্রয়কৃত বিভিন্ন সামগ্রি এন্ট্রি ও বিতরণের জন্য অস্থায়ী রেজিস্টার ও (৩) বিভিন্ন প্রকারের অকেজো মালামাল এন্ট্রি রেজিস্টার। ২০২১-২২ অর্থবছরের ১ম কোয়ার্টারে (জুলাই-সেপ্টেম্বর/২০২১) পর্যন্ত মোট-১৯টি আইটেমের মালামাল ক্রয় হয়েছে। ক্রয়কৃত মালামালগুলো সঠিকভাবে এন্ট্রি রেজিস্টারে লিপিবদ্ধ রয়েছে। চাহিদানুযায়ী কিছু মালামাল বিতরণ হয়েছে ও অল্প কিছু অবশিষ্ট রয়েছে।

০২। যাচাইকালে দেখা যায়, ভাউচার অনুযায়ী ক্রয়কৃত নতুন মালামাল সঠিকভাবে রেজিস্টারে এন্ট্রি রয়েছে। তবে, ভাউচারের আরও কিছু তথ্য রেজিস্টারে এন্ট্রি করতে হবে। হিসাবের সুবিধার জন্য ক্রয়কৃত ভাউচারগুলো এন্ট্রির পরে ক্রমিক নম্বর দিয়ে মাস অনুযায়ী একত্রে সংরক্ষণের জন্য বলা হয়েছে। অধিদপ্তরের বিভিন্ন শাখার চাহিদানুযায়ী বন্টনকৃত মালামালগুলো বিতরণ রেজিস্টারে এন্ট্রির পাশাপাশি চাহিদাপত্রগুলো আলাদা ফাইলে সংরক্ষিত রয়েছে।

০৩। স্টোর পরিদর্শনান্তে দেখা যায়, অনেক পুরাতন ও অকেজো মালামাল স্তুপাকারে রয়েছে। এ সকল মালামালের কিছু রেজিস্টারে এন্ট্রি রয়েছে, অবশিষ্টগুলো দ্রুত এন্ট্রির জন্য বলা হয়েছে। অকেজো মালামালের তালিকা তৈরির পর নিলাম করার জন্য তাগিদ দেয়া হয়েছে। সর্বোপরি, স্টোর কার্যক্রম আরও স্বচ্ছ, গতিশীল ও ত্বরান্বিত করার জন্য নিম্নরূপ সুপারিশ করা হয়েছে-

- ০১। অকেজো মালামাল নিয়মিত রেজিস্টারে এন্ট্রি করা।
- ০২। ক্রয়কৃত ভাউচারগুলো এন্ট্রির পরে ক্রমিক নম্বর দিয়ে মাস অনুযায়ী একত্রে সংরক্ষণ করা।
- ০৩। ক্রয়কৃত ভাউচারের ক্রমিক নম্বর তথ্য রেজিস্টারে লিপিবদ্ধ করা।
- ০৪। স্টোরে স্তুপাকৃত পুরাতন ও অকেজো মালামাল নিলাম কমিটি কর্তৃক তালিকা তৈরি করা।
- ০৫। নিলাম কমিটি কর্তৃক তালিকাকৃত মালামাল নিলামের ব্যবস্থা করা।


(মোঃ আবু দাউদ)

বিবলিওগ্রাফার

ও

সদস্যসচিব, স্টোর মনিটরিং কমিটি।

প্রতি

মহাপরিচালক
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
ঢাকা-১২০৭।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ০১। পরিচালক (প্রশাসন), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপপরিচালক (প্রশাসন) অ.দা. ও আহবায়ক, স্টোর মনিটরিং কমিটি, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০৩। চীফ বিব/উপপরিচালক (চ.দা.) ও সদস্য, স্টোর মনিটরিং কমিটি, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০৪। সহকারি পরিচালক (আ.) ও সদস্যসচিব, জাতীয় শুদ্ধাচার কমিটি, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০৫। স্টোর এসিস্ট্যান্ট, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০৬। সংশ্লিষ্ট নথি।